

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ / ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-২০৭-আইন/২০১০/৫৫৬-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এতদ্বারা নিম্নলিখিত বিধিমালা প্রণয়ন করিলঃ-

- ১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের পরবর্তী সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর (উৎসে কর্তন) বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।
- ২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায় -
 - (ক) “আইন” অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) ;
 - (খ) “বাণিজ্যিক আমদানিকারক” অর্থ আইনের ধারা ২ এর দফা (খখ) এ বর্ণিত “বাণিজ্যিক আমদানিকারক”;
 - (গ) “বিল অব এন্ট্রি” অর্থ আইনের ধারা ২ এর দফা (দদদ) এ বর্ণিত “বিল অব এন্ট্রি”;
 - (ঘ) “প্রস্তুতকারক বা উৎপাদক” অর্থ আইনের ধারা ২ এর দফা (থ) এ বর্ণিত “প্রস্তুতকারক বা উৎপাদক”
 - (ঙ) “মূসক” অর্থ আইনের ধারা ৩ এ বর্ণিত মূল্য সংযোজন কর ;
 - (চ) “মূসক কর্মকর্তা” অর্থ আইনের ধারা ২০ এর অধীন নিযুক্ত কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা;
 - (ছ) “নিবন্ধন” অর্থ আইনের ধারা ১৫ এ বর্ণিত “নিবন্ধন”।
- ৩। প্রয়োগ ও অপ্রযোজ্যতা।-(১) বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের পরবর্তী সরবরাহের উপর প্রদেয় মূসক বিধি ৬ এর বিধান অনুযায়ী উৎসে কর্তনযোগ্য হইবে।
 - (২) মূলধনী যন্ত্রপাতি বা যন্ত্রাংশ এবং নিবন্ধিত উৎপাদকের ক্ষেত্রে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর সহিত সংযোজিত ফরম “মূসক-১” বা ফরম “মূসক-১ক” বা ফরম “মূসক-১ঘ” বা ফরম “মূসক-১ং” এ বর্ণিত উপকরণ আমদানির ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে না।
- ৪। মূসক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান।- এই বিধিমালার অধীন প্রদেয় মূসক উৎসে কর্তনের উদ্দেশ্যে কমিশনার অব কাস্টমস ও কমিশনার, মূল্য সংযোজন কর তাঁহার অধিক্ষেত্রে কর্মরত মূসক কর্মকর্তাগণের মধ্য হইতে কোন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানসহ প্রয়োজনীয় নির্দেশনা দিতে পারিবেন।

- ৫। মূসক নিরূপণ।— (১) বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের পরবর্তী সরবরাহের উপর আরোপনীয় মূসক উপ-বিধি (২) এ বর্ণিত হারে নিরূপিত হইবে।
- (২) বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক পণ্য আমদানির সময় শুদ্ধ স্টেশনে দাখিলকৃত বিল অব এন্ট্রিতে শুদ্ধ কর্মকর্তা কর্তৃক পণ্যের অনুমোদিত শুদ্ধায়নযোগ্য মূল্য (Assessable Value) এর সহিত আমদানি শুদ্ধ ও সম্পূরক শুদ্ধ, যদি থাকে, গণনা করিয়া উহার সহিত ২০ (বিশ) শতাংশ মূল্য সংযোজনপূর্বক সর্বমোট মূল্যের উপর ৩ (তিন) শতাংশ হারে মূসক উৎসে কর্তন করিতে হইবে।
- ৬। মূসক কর্তন পদ্ধতি।— (১) বিধি ৫ এর উপ-বিধি (২) এর অধীন নিরূপিত মূসক আমদানি শুদ্ধ স্টেশনে আমদানিকৃত পণ্য চালানোর বিল অব এন্ট্রি শুদ্ধায়ন সমাপ্ত হওয়ার পর চালান খালাসের অনুমোদন প্রদানের পূর্বে উৎসে কর্তন করিতে হইবে।
- (২) কোন বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের বিপরীতে উৎসে মূল্য সংযোজন কর কর্তন করিবার পর প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে বিভাগীয় কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে আমদানিকৃত পণ্য সরবরাহ করিলে যদি প্রদেয় মূল্য সংযোজন কর অপেক্ষা গৃহীত রেয়াতের পরিমাণ বেশী হয় তবে তিনি আইনের ধারা ৬৭ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৪ক অনুসরণপূর্বক অতিরিক্ত পরিশোধিত কর ফেরত দাবী করিতে পারিবেন।
- ৭। রহিতকরণ ও হেফাজত।— এতদ্বারা জাতীয় রাজস্ব বোর্ডের ১৫ই ভাদ্র ১৪১১/৩০ আগস্ট ২০০৪ তারিখের এসআরও নং-২৬০-আইন/২০০৪/৪৩১-মূসক এর মাধ্যমে জারীকৃত আমদানিকৃত পণ্যের উপর, পণ্যের বিনিময়ে বিক্রয় বা হস্তান্তরের ক্ষেত্রে, আরোপনীয় মূল্য সংযোজন কর (অগ্রিম পরিশোধ) বিধিমালা, ২০০৪ রহিত করা হইল। তবে শর্ত থাকে যে, উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উহার অধীনে অনিষ্পন্ন কোন কার্যক্রম এমনভাবে অব্যাহত থাকিবে যেন উহা রহিত হয় নাই।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ড. মোঃ সহিদুল ইসলাম]
প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট)